দৈনিক ইত্তেফাক

তারিখ ... 06 JAN 1990 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 9 ...

05

## সরকারী কলেজ শিক্ষকদের পেনশন

সরকার বেসরকারী কলেজগুলিকে সরকারীকরণের সময় কতিপয় নীতিমালা নির্ধারণ করিয়াছিলেন। তাহাতে বলা হইয়াছিল বেসরকারী চাকুরীকালের অর্ধেক ইফেকটিভ সার্ভিস বলিয়া গণ্য করা হইবে। প্রকাশ থাকে যে, এই ইফেকটিভ সার্ভিস শুধু পেনশন ও পদোন্নতির ক্ষেত্রে প্রযোজ্য হইবে। পরবর্তী সময়ে যখন পদোন্নতির বিকল্প হিসাবে 'টাইমস্কেল' প্রবর্তিত হয়, তখন বহু আবেদন-নিবেদন সত্ত্বেও ইফেকটিভ সার্ভিস গণনা করিয়া 'টাইমস্কেল' প্রদান করা হয় নাই। তবে যে, সকল জাতীয়কৃত কলেজ শিক্ষক ইতিমধ্যে অবসর গ্রহণ করিয়াছেন, তাঁহাদের বেলায় ইফেকটিভ সার্ভিস ধরিয়াই পেনশন ও গ্রাচ্যুইটি প্রদান করা হইয়াছে। সম্প্রতি বিনামেঘে বজ্রপাতের ন্যায় একটি নির্দেশ জারি করা হইয়াছে যে, ইফেকটিভ সার্ভিস শুধু পদোন্নতির ক্ষেত্রেই প্রযোজ্য হইবে। অর্থাৎ পেনশনের ক্ষেত্রে নয় (শিক্ষা মন্ত্রণালয়ের ৩/৯/৮৯ ইং তারিখের পত্র স্মারক নং শাঃ ৬/৫/পি৯/ ১১৯৭-শিক্ষা দ্রষ্টব্য)।

জাতীয়কৃত কলেজের যেসব শিক্ষক বর্তমানে অবসর গ্রহণ করিতে যাইতেছেন তাঁহাদের প্রায় সকলেরই পেনশনযোগ্য সরকারী চাকুরীকার্যকাল হইবে না অর্থাৎ তাঁহারা পেনশন হইতে বঞ্চিত হইবেন। একই দেশে একই চাকুরী করিয়া কেহ পেনশন পাইবেন, কেহ পাইবেন না—ইহার চাইতে ভাগ্যের নির্মম পরিহাস আর কি হইতে পারে?

—মোঃ বাহাদুর আলী মিয়া,
সহকারী অধ্যাপক (বাংলা বিভাগ),
নওয়াব ফয়জুন্নেছা সরকারী কলেজ,
পশ্চিমগাঁও, কুমিল্লা।